বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা
www.brdb.gov.bd

**২৫ সেপ্টেম্বর/ ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিআরডিবি'র ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ শহিদুল ইসলাম,এনডিসি<br>পরিচালক (প্রশাসন),বিআরডিবি,ঢাকা |
| সভার তারিখ | ২৫ সেপ্টেম্বর/২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | পরিচালক (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ, বিআরডিবি, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ২০২৩-২৪ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে সভার সদস্যদের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। অতঃপর উপপরিচালক প্রোগ্রামিং কে বিস্তারিত আলোচনার জন্য অনুরোধ জানান।আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পর্যালোচনা | •২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন এর উপর বিস্তারিত আলোচনা হয়।<br>•২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির টুলসগুলোতে সকল প্রমানক থাকা সত্ত্বেও এপিএ'র ই-গভর্ন্যান্স সূচকে নম্বর কম পাওয়ার বিষয়টি তুলে ধরা হয় এবং এ সমস্যা সমাধানের বিষয়ে আলোচনা হয়।<br>•বিআরডিবি'র এপিএ টিমের প্রতিবেদনের পাশাপাশি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এর প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের বিষয়েও আলোচনা হয়। | •ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন প্রতিবেদন পূর্বের ন্যায় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে ও সার্বক্ষণিক আরডিসিডি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>•তাছাড়া বিআরডিবি'র এপিএ টিমের সাথে সমন্বয় করে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | উপপরিচালক(প্রোগ্রামিং |
| ২. | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২৩-২০২৪) বিষয়ে অবহিতকরণ | •বিআরডিবি'র সদর দপ্তরের পাশাপাশি মাঠপর্যায়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ প্রস্তুত ও ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।তবে এ বছরে শুধু জেলা দপ্তরের জন্য কর্মপরিকল্পনা করা হয়েছে ।তাছাড়া ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রেরণের জন্য জেলার উপপরিচালকদের ইতোমধ্যে চিঠি (স্মারকঃ২৯২,তারিখ- | •মাঠ পর্যায় থেকে কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত সময়ের মধ্যে আনয়ন এবং পত্র জারির মাধ্যমে অবহিত করতে হবে। | উপপরিচালক(প্রোগ্রামিং) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৫/০৯/২০২৩) প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | | |
| ৩. | সেবা সহজিকরণ/সেবা ডিজিটালাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | •২০২২-২০২৩ অর্থবছর পর্যন্ত সেবা সহজিকরণ,সেবা ডিজিটালাইজেশন ও উদ্ভাবনী ধারণার বাস্তবায়ন- এই তিনটি ক্যাটাগরিতে বাস্তবায়ন করার নির্দেশনা ছিল এবং সেবাটি অবশ্যই নাগরিক সেবা তালিকাভুক্ত হওয়ার বাধ্যবাধকতা ছিল।<br><br>•২০২৩-২০২৪ অর্থবছর থেকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সেবা সহজিকরণ বা সেবা ডিজিটালাইজেশন বা উদ্ভাবনী ধারণা থেকে যে কোন ক্যাটাগরিতে এবং একটি দাপ্তরিক/নাগরিক সেবা বাস্তবায়নের প্রসঙ্গে আলোচনা করা হয়। | •২০২৩-২০২৪ অর্থবছরে গৃহিত "এক পল্লী এক পণ্য" সেবাটি সহজিকরণের জন্য একটি সেবা প্রোফাইল বুকলেট এবং একটি অফিস আদেশ নির্ধারিত সময়ের মধ্যে জারি করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | পরিচালক(প্রশাসন)<br>ও<br>উপপরিচালক (প্রোগ্রামিং)/গাইবান্ধা, ইউআরডিও(সাদুল্লাপুর) |
| ৪. | ইনোভেশন শোকেসিং | •২০১৮ সালে প্রথমবারের মত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাধ্যমে ইনোভেশন শোকেসিং এ বিআরডিবি অংশগ্রহণ করেছিল।<br>•২০২৩-২০২৪ অর্থবছরে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ১ম বারের মত দপ্তর/সংস্থা পর্যায়ে ইনোভেশন শোকেজিং আয়োজনের ব্যাপারে আলোচনা হয়। | •নির্ধারিত সময়ের মধ্যে ইনোভেশন শোকেসিং আয়োজন করতে হবে। | পরিচালক(প্রশাসন)<br>ও<br>উপপরিচালক(প্রোগ্রামিং) |
| ৫. | ডি-নথির ব্যবহার | •আগস্ট/২০২৩ মাসে ডি-নথি প্রক্রিয়ায় পত্রজারি ও নথি নিষ্পন্ন উল্লেখযোগ্য হারে হ্রাস পাবার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>•সংক্ষিপ্ত বা একই ধরনের পত্রসমূহ ডি-নথি প্রক্রিয়ায় জারির জন্য আলোচনা হয়।<br><br>•বিসিসির কেন্দ্রীয় সার্ভারের কারিগরি ত্রুটির কারণে ডি-নথির ধীরগতি সমস্যার সমাধানের জন্য পরিচালক(প্রশাসন) মহোদয় যথাযথ কর্তৃপক্ষকে ডি-নথি ব্যবস্থাপনায় চিঠি প্রদানের বিষয়ে আলোচনা হয়।<br><br>•সকল পেন্ডিং নথি দ্রুত নিষ্পত্তির ব্যাপারে পরিচালক(প্রশাসন) মহোদয় আলোচনা করেন।<br><br>•ইন্টারনেটের ধীরগতি বা অন্য কোন সমস্যায় তাৎক্ষণিক প্রোগ্রামিং শাখাকে জানাতে হবে এবং প্রোগ্রামিং শাখা সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে মর্মে আলোচনা হয়। এভাবে কার্যক্রম | •ডি-নথির ধীরগতির বিষয়টি অবহিত এবং এর দ্রুত সমাধানের জন্য জানাতে বিসিসিকে চিঠি প্রদানের ব্যবস্থা করতে হবে।<br><br>•সকল পেন্ডিং নথি দ্রুত নিষ্পত্তি করতে হবে। পারফরম্যান্স খারাপ হলে ব্যক্তিগতভাবে তার দায় নিতে হবে।<br><br>•চিঠি ইস্যুর মাধ্যমে সবাইকে ডি-নথির ব্যবহার সম্পর্কে নির্দেশনা প্রদান করতে হবে।<br>•তথ্য প্রযুক্তি ভিত্তিক কোনো সমস্যার সম্মুখীন হলে তৎক্ষণাৎ প্রোগ্রামিং শাখাকে | পরিচালক(প্রশাসন), উপপরিচালক(প্রোগ্রামিং)<br>ও<br>সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাস্তবায়ন না হলে ইন্টারনেট সমস্যা সমাধানের চেষ্টা ফলপ্রসু হবে না।<br>•অফিস ওয়াই-ফাই তে দাপ্তরিক প্রয়োজন ছাড়া মোবাইল ডিভাইস ইন্টারনেটে সংযুক্ত না করার ব্যাপারেও আলোচনা হয়।<br>•সভায় আরও জানানো হয় যে তথ্য বাতায়ন সঠিকভাবে বাস্তবায়ন ও হালনাগাদের জন্য পত্র জারিপূর্বক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে (স্মারকঃ১০০৬০,তারিখ-১৮/০৯/২০২৩) | অবহিত করতে হবে।<br>•দাপ্তরিক প্রয়োজন ছাড়া ওয়াই-ফাই রাউটারে ব্যক্তিগত মোবাইল ডিভাইস সংযুক্ত করা যাবে না। | |
| ৬. | তথ্য বাতায়ন হালনাগাদ | •সদর দপ্তরের পাশাপাশি জেলা ও উপজেলা পর্যায়ে তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। | •জেলা দপ্তর থেকে স্ক্রিনসটসহ প্রমাণকসহ প্রতিবেদন আনয়ন করতে হবে।<br>•নির্দেশিকা অনুযায়ী তথ্য বাতায়ন হালনাগাদ রাখতে হবে। | উপপরিচালক (প্রোগ্রামিং)<br>ও<br>সহকারী মেইন: ইঞ্জি: |
| ৭. | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২৩-২০২৪) অনুযায়ী কর্মশালা/সভা/সেমিনার আয়োজন | •২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কর্মশালা/সভা/সেমিনার যথাসময়ে আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>•পরিচালক(প্রশাসন) স্মার্ট বাংলাদেশ বিষয়ে কর্মশালা আয়োজনে বক্তা হিসেবে এটুআই এর প্রকল্প পরিচালককে আমন্ত্রণ জানানোর বিষয়ে পরামর্শ প্রদান করেন। | •নির্ধারিত সময়ের মধ্যে কর্মশালা/সভা/সেমিনার আয়োজনে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক(প্রশাসন)<br>ও<br>উপপরিচালক(প্রোগ্রামিং) |
| ৮. | বিবিধ<br>•অনলাইন সফটওয়্যার চালু ও অন্যান্য<br>•জুম লাইসেন্স | •যুগ্মপরিচালক (সিসিএম) এর মাধ্যমে অনলাইন সফটওয়ার কার্যক্রম তরান্বিত করার বিষয়ে ভার্চুয়াল সভা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>•জুম লাইসেন্সটির বর্তমান অবস্থা ও অ্যাক্টিভেশন তারিখ নিয়ে আলোচনা হয়। | •অনলাইন রিপোর্টিং সফটওয়ার এর সমস্যা চিহ্নিত করে সমাধানের নির্দেশনা প্রদানের জন্য মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা আয়োজনের ব্যবস্থা করতে হবে।<br>•দ্রুততম সময়ের মধ্যে জুম লাইসেন্সটি অ্যাক্টিভ/চালু করতে হবে। | যুগ্মপরিচালক(নির্মাণ),<br>যুগ্মপরিচালক(সিসিএম),<br>উপপরিচালক (প্রোগ্রামিং)<br>ও<br>সহকারী মেইন: ইঞ্জি: |

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের প্রত্যাশা ব্যক্ত করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

**মোঃ শহিদুল ইসলাম,এনডিসি**
পরিচালক (প্রশাসন অঃ দাঃ)
ও
সভাপতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটি
ফোন: +৮৮০২৪১০১০৩২৮
dradmn@brdb.gov.bd

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮. ১০৬৬২

তারিখ: ২৫/০৯/২০২৩ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (অর্থ ), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা;
২। যুগ্মপরিচালক, সমবায়, ঋণ ও বাজারজাতকরণ অনুবিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা;
৩। উপপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা;
৪। উপপরিচালক (প্রোগ্রামিং) [ ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোডের অনুরোধসহ ]
৫। উপপরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা;
৬। সহকারী পরিচালক (পদাবিক), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা। এবং
৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**নাজনীন খানম**
উপপরিচালক (প্রোগ্রামিং)
ও সদস্য সচিব
ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটি